

প্রেস রিলিজ
২৬ মে ২০২৪

বাউবি এবং নৌবাহিনীর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর


বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ নৌবাহিনীর মধ্যে পরিচালিত এইচএসসি (নিশ-১) প্রোগ্রামের দশ বছর পূর্তিতে আজ ২৬ মে ২০২৪ রবিবার পরবর্তী দশ বছরের জন্য নতুন সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়েছে। বাউবির পক্ষে রেজিস্ট্রার ড. মহা. শফিকুল আলম এবং বাংলাদেশ নৌবাহিনীর পক্ষে ক্যাপ্টেন এম শামছেজ্জামান ভূঁইয়া সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।



সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার। উপাচার্য বলেন, বাউবি সবসময় গুণগতমান সম্পন্ন শিক্ষা প্রদান করে আসছে। বাউবি নিশ-১ প্রোগ্রামের মাধ্যমে যৌথ বাহিনীর সদস্যদের মাঝে শিক্ষা ক্ষেত্রে এক মাইল ফলক তৈরি হয়েছে। ভবিষ্যতে উভয় প্রতিষ্ঠানের শিক্ষা সহায়তার মাধ্যমে নতুন শিক্ষা প্রোগ্রাম চালু ও নতুন নতুন ক্ষেত্র উন্মোচনের আশাবাদ ব্যক্ত করেন উপাচার্য। তথ্য প্রযুক্তি কাজে লাগিয়ে সৈনিকদের জন্য নতুন সিলেবাস প্রণয়নের কথা উল্লেখ করেন। তিনি বঙ্গবন্ধুর সোনার বাংলা বাস্তবায়নে সকলকে ঐক্য বদ্ধ হয়ে কাজ করার আহ্বান জানান।

বিশেষ অতিথি নৌবাহিনীর ক্যাপ্টেন এম শামছেজ্জামান ভূঁইয়া সফলভাবে প্রোগ্রাম পরিচালনায় নিরবচ্ছিন্ন সহযোগিতার জন্য উপাচার্যসহ বাউবির সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান এবং আগামীতে এ সহযোগিতা আরো সুদৃঢ় হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। বিশেষ অতিথি হিসেবে আরো বক্তব্য রাখেন বাউবির উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন। ওপেন স্কুল ডিন অধ্যাপক ড. সাবিনা ইয়াসমিন এর সভাপতিত্বে আরো বক্তব্য রাখেন নৌবাহিনীর কমান্ডার এম হাবিবুল্লাহ বাহার চৌধুরী। অনুষ্ঠানে বাউবির শিক্ষক ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন নিশ-১ প্রোগ্রামের কেন্দ্রীয় সমন্বয়কারী অধ্যাপক ড. ইকবাল হুসাইন।

উল্লেখ্য যে, ২০১৪ সালে সমঝোতা স্মারক স্বাক্ষরের মধ্য দিয়ে বাংলাদেশ নৌবাহিনী এবং বাউবি এইচএসসি (নিশ-১) প্রোগ্রামটি পরিচালনা করে আসছে। গত ১০টি ব্যাচে বাংলাদেশ নৌবাহিনীর ৫,৮৬২জন নাবিক এই প্রোগ্রামে ভর্তি হয়েছেন। ২০২৩ সাল পর্যন্ত ৪,৬৫৬ জন শিক্ষার্থী চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন। গড় পাশের হার ৭৯.৪৩ শতাংশ।



ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)